



## সরকার বেআইনি গ্রেপ্তার ও গুম সংস্কৃতি রোধে কাজ করছে: আইনমন্ত্রী



ছবি: সংগৃহীত

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান জানিয়েছেন, সরকার মানবাধিকার রক্ষা এবং বেআইনি গ্রেপ্তার ও মিথ্যা মামলা সীমিত করতে কার্যকর উদ্যোগ নিয়েছে। একই সঙ্গে গুম ও বিচারবহির্ভূত হত্যার প্রবণতা কমানো হচ্ছে।

মঙ্গলবার রাজধানীর বিজয় সরণীর সামরিক জাদুঘর মিলনায়তনে আন্তর্জাতিক নারী দিবস ২০২৬ উপলক্ষে আয়োজিত সেমিনারে তিনি বলেন, সরকারের নীতি জনগণের কল্যাণ ও নারীর অধিকারকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া। এর অংশ হিসেবে মাত্র ২১ দিনের মধ্যে ফ্যামিলি কার্ড ইস্যু কর্মসূচি চালু হয়েছে। পাইলট প্রকল্পে প্রাথমিকভাবে ৩৭ হাজার কার্ড দেওয়া হয়েছে, যা পরিবারের গৃহকর্তা বা নারী সদস্যের নামে। আইনমন্ত্রী উল্লেখ করেন, এই উদ্যোগ নারীর অধিকার ও দায়িত্ববোধ নিশ্চিত করতে নেওয়া হয়েছে।

আইনমন্ত্রী নারী সচেতনতার গুরুত্ব তুলে ধরেন এবং বলেন, দেশের নারীরা মৌলবাদীদের লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছে। সচেতন নারী সমাজ গড়ে তুললে দেশের উন্নয়নে শক্তিশালী ভিত্তি তৈরি হবে। তিনি নিজস্ব উদাহরণ দিয়ে বলেন, দুই মেয়ের পিতৃসম্পত্তির অংশ তাদের স্বাভাবিকভাবে মিলছে না, তাই বিকল্প আইনগত ব্যবস্থা প্রয়োজন।

বেআইনি গ্রেপ্তার এবং মিথ্যা মামলার সংস্কৃতিও নিয়ন্ত্রণের দিকে আছে। তিনি নাগরিক সমাজকে দৃনীতি ও 'বেগম পাড়া' সংস্কৃতি রোধে সক্রিয় ভূমিকা রাখতে আহ্বান জানান। বিদেশে অর্থ পাচার বন্ধ হলে দেশের সম্পদ ফ্যামিলি কার্ডের মতো কর্মসূচির মাধ্যমে নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে ব্যবহার করা যাবে, যা তাদের অধিকার প্রতিষ্ঠাকে শক্তিশালী করবে।

সেমিনারে আরও উপস্থিত ছিলেন সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেটো রেসলি, এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক মো. দাউদ মিয়া, জাতিসংঘের নারী প্রতিনিধি গীতাঞ্জলি সিং, বিশেষ প্রতিবেদক আইরিন খান এবং মানবাধিকার সংগঠন ব্লাস্ট-এর নির্বাহী পরিচালক ব্যারিস্টার সারা হোসেন।